# প্রস্তুতিমূলক পরীক্ষা- ১

## নবম শ্রেণি

**বিষয় কোড ঃ ১৪৬**

## বিষয় ঃ হিসাববিজ্ঞান

**সময় ঃ ১ ঘন্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৫০**

**সৃজনশীল প্রশ্নঃ** **(১০×২=২০)**

১। ২০১৯ সালের এপ্রিল মাসের ১ তারিখে মি. আহসান নগদ ২৫,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার পন্যদ্রব্য নিয়ে ব্যবসা আরম্ভ করল। এপ্রিল মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়েছে :

২০১৯

| | | |
|---|---|---|
| এপ্রিল | ৩ | সোনালী ব্যাংকে হিসাব খোলা হয় ৫,০০০ টাকা। |
| ” | ৬ | নগদে বিক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ৭ | মি. আরিফ হতে পন্য ক্রয় ১০,০০০ টাকা। |
| ” | ১০ | নগদে ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ১২ | পন্য পরিবহন খরচ প্রদান ৫০০ টাকা। |
| ” | ১৫ | ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা। |

ক) প্রারম্ভিক মূলধনের পরিমান নির্ণয় কর। ২

খ) মি. আহসানের ১,৩,১২ ও ১৫ তারিখের লেনদেনগুলোর ডেবিট- ক্রেডিট নির্ণয় কর। ৪

গ) ৩, ৬, ৭ ও ১০ তারিখের লেনদেন দ্বারা সমীকরণের A= L+OE তে পরিবর্তন দেখাও। ৪

২। জনাব আমিনুর রহমান একজন ব্যবসায়ী। ২০১৯ সালের মার্চ মসে তার নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে :

২০১৯ইং

| | | |
|---|---|---|
| মার্চ | ২ | নগদে পন্য বিক্রয় ৮০,০০০ টাকা। |
| ” | ৫ | আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ৭ | নগদে পন্য বিক্রয় ৬০,০০০ টাকা। |
| ” | ১০ | বাট্টা প্রদত্ত হল ৪,০০০ টাকা। |
| ” | ১৫ | কমিশন পাওয়া গেল ১৬,০০০ টাকা। |
| ” | ২০ | আসবাবপত্রের অবচয় ধারা হল ২০,০০০ টাকা। |
| ” | ২৫ | বেতন প্রদত্ত হল ২৪,০০০ টাকা। |
| ” | ৩০ | ইজারা সম্পত্তির অবলোপন ১৬,০০০ টাকা। |

ক) জনাব আমিনুর রহমানের প্রতিষ্ঠানে নগদে সংগঠিত হয়নি এমন লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২

খ) মার্চ ২ তারিখ হতে ১০ তারিখ পর্যন্ত সংঘটিত ঘটনাসমূহের মধ্যে হতে লেনদেন চিহ্নিত কর। ৪

গ) মার্চ ১৫ তারিখ হতে ৩০ তারিখ পর্যন্ত সংঘটিত লেনদেনগুলোর শ্রেণি নির্ণয় কর। ৪

**বহুনির্বাচনি প্রশ্নঃ** **(১×৩০=৩০)**

১। বিক্রয় ফেরত জাবেদার উৎস দলিল কোনটি?

ক) ডেবিট নোট খ) ক্রেডিট নোট

গ) ডেবিটভাউচার ঘ) ক্রেডিট ভাউচার

২। ক্যাশমেমোর মূলকপি কাকে দেওয়া হয়?

ক) ক্রেতাকে খ) বিক্রেতাকে

গ) বাহককে ঘ) দেনাদারকে

৩। পন্য ক্রয়ের মাধ্যমে হিসাব সমীকরণেনর প্রভাবিত হয়েছে-

i. A হ্রাস ii. L বৃদ্ধি iii. E হ্রাস

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। কোনটি হিসাব সমীকরণের সঠিক রূপ?

ক) সম্পত্তি + দায় = মালিকানা স্বত্ব + (আয়- ব্যয়)

খ) সম্পত্তি + দায় = মালিতকানা স্বত্ব + (আয়- ব্যয়)

গ) সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব

ঘ) সম্পত্তি + আয় + ব্যয়= দায়–মালিকানা স্বত্ব

নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও-

জনাব হাসান ব্যবসায়ে ব্যবহারের জন্য ৩০,০০০ টাকা মূল্যের একটি কম্পিউটার ক্রয় করেন। তিনি কম্পিউটারটির বহনের জন্য ৫০০ টাকা পরিশোধ করেন। তাঁর ব্যবসায়ের হিসাবরক্ষক কম্পিউটারের পরিবহন খরচকে ক্রয় পরিবহন হিসাবে লিপিবদ্ধ করেন ।

৫। জনাব হাসানের ব্যবসায়ের অফিস সরঞ্জাম হিসাবের পরিমান কত?

ক) ৫০০ টাকা খ) ২৯,৫০০ টাকা

গ) ৩০,০০০ টাকা ঘ) ৩০,৫০০ টাকা

৬। কম্পিউটারের পরিবহন খরচ সঠিকভাবে হিসাবভুক্তকরণে প্রভাবিত হবে-

i. স্থায়ী সম্পদ ii. চলতি সম্পদ iii. স্বত্বাধিকার

নিচের কোনটিসঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭। 'প্রতিটি লেনদেনে দুটি পক্ষ থাকতে হবে'- এটি লেনদেনের কোন বৈশিষ্ট্য?

ক) দৃশ্যমানতা খ) স্বয়ংসম্পূর্ণ

গ) দ্বৈত সত্তা ঘ) স্বতন্ত্র

৮। পেপার ওয়েট ও পাঞ্চিং মেশিন ক্রয় কোন হিসাবে লিপিবদ্ধ হবে?

ক) মনিহারি হিসাব খ) অফিস সরঞ্জাম হিসাব

গ) বিবিধ সরঞ্জাম হিসাব ঘ) অফিস সাপ্লাইজ হিসাব

৯। মি.খালেদ ঢাকা শহরের একজন সফল ব্যবসায়ী। সিলেটের জনি স্টোরস্ হতে প্রতি কেজি ১০০ টাকা দরে ২৫০ কেজি ডাল ক্রয় করেন। বহন খরচ ৫০০ টাকা। মি. খলেদের ক্রয় জাবেদায় লিখবেন-

ক) ২,৫০০ টাকা খ) ২৪,৫০০ টাকা

গ) ২৫,০০০ টাকা ঘ) ২৫,৫০০ টাকা

নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও-

আলো ট্রেডার্স ২০১৩ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় ক্রয় করে। এক সপ্তাহ পর উক্ত দেনার ১/২ অংশ ১০% বাট্টায় পরিশোধ করে।

১০। আলো ট্রেডার্সের প্রাপ্ত বাট্টার পরিমাণ কত?

ক) ৪,৫০০ টাকা খ) ৯,৫০০ টাকা

গ) ৭,২০০ টাকা ঘ) ৫,০০০ টাকা

১১। মূল্য পরিশোধের পর দায় কত টাকা হবে?

ক) ৪৫,০০০ টাকা খ) ৯৫,০০০ টাকা

গ) ৯০,০০০ টাকা ঘ) ৫০,০০০ টাকা

১২। কারবারি বাট্টার সাথে সম্পর্কিত-

i. ক্রয় বাট্টা ii. বিক্রয় বাট্টা iii. দেনাদার

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩। হিসাববিজ্ঞানের অন্যতম উদ্দেশ্য -

ক) ব্যয় নিয়ন্ত্রণ খ) লেনদেন লিপিবদ্ধকরণ

গ) ডোবট ও ক্রেডিট বিশ্লেষণ ঘ) ফলাফল নির্ণয়

১৪। হিসাব চক্রের ৫ম ধাপ কোনটি?

ক) লেনদেন শনাক্তকরণ খ) জাবেদাভুক্তকরণ

গ) খতিয়ানের স্থানান্তর ঘ) । রেওয়ামিল প্রস্তুতকরণ

১৫। লেনদেনসমূহকে কয় ভাগে ভাগ করা যায়?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

১৬। কীভাবে ব্যবসায় প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করা যায়?

ক) সম্পদ বৃদ্ধির মাধ্যমে খ) দায় হ্রাসের মাধ্যমে

গ) ব্যয় নিয়ন্ত্রণের মাধ্যমে ঘ) আয় বৃদ্ধির দ্বারা

১৭। হিসাবের ৮ম ধাপ কোনটি?

ক) খতিয়ান খ) রেওয়ামিল গ) কার্যপত্র ঘ) আর্থিক বিবরণী

নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও-

জনাব রাহি ২০১৮ সালের ১লা জানুয়ারি নগদ ১,০০,০০০ টাকা এবং নগদের ২০% এর সমমূল্যের আসবাবপত্র নিয়ে ব্যবসা আরম্ভ করলেন। উক্ত মাসে অফিসের জন্য একটি ক্যালকুলেটর ক্রয় করেন ৫,০০০ টাকা এবং ১০% সুদে ১০,০০০ টাকা ঋণ গ্রহণ করে।

১৮। জনাব রাহির প্রারম্ভিক মূলধন কত টাকা?

ক) ৮০,০০০ খ) ৯০,০০০ গ) ১,০০,০০০ ঘ) ১,২০,০০০

১৯। ১০,০০০ টাকার লেনদেনের ফলে জনাব রাহির ব্যবসায় কী বৃদ্ধি পাবে?

ক) স্বত্বাধিকার খ) দীর্ঘমেয়াদী দায় গ) চলতি দায় ঘ) মূলধন

নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও-

জনাব আদিত্য ২০১৫ সালে ১লা জানুয়ারী তারিখে ৬০,০০০ টাকা নগদ, ৭০,০০০ টাকা যন্ত্রপাতি, ১৫,০০০ টাকা আসবাবপত্র এবং ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করল।

২০। জনাব আদিত্যের ব্যবসায়ের মূলধনের পরিমান কত?

ক) ৯০,০০০ টাকা খ) ১,১০,০০০ টাকা

গ) ১,৯৫,০০০ টাকা ঘ) ১,৪৫,০০০ টাকা

২১। ১লা জানুয়ারী ২০১৫ সালের নগদ টাকার পরিমান কত?

ক) ১০,০০০ টাকা খ) ৫০,০০০ টাকা

গ) ৬০,০০০ টাকা ঘ) ১,১০,০০০ টাকা

২২। আধুনিক হিসাববিজ্ঞানের যাত্রা শুরু হয় কখন?

ক) দ্বাদশ শতাব্দী খ) এয়োদশ শতাব্দী

গ) পঞ্চদশ শতাব্দী ঘ) সপ্তদশ শতাব্দী

২৩। হিসাব চক্রের ১ম ধাপ কোনটি?

ক) প্রস্তুতকরণ খ) খতিয়ানের স্থানান্তর

গ) জাবেদা ভুক্তকরণ ঘ) লেনদেন শনাক্তকরণ

২৪। একতরফা দাখিলা পদ্ধতি একটি-

i. পূর্ণাঙ্গ হিসাব পদ্ধতি ii. অসম্পূর্ণ হিসাব পদ্ধতি

iii. বিজ্ঞানসম্মত পদ্ধতি

নিচের কোনটি সঠিক?

ক) i খ) ii গ) iii ঘ) i, ii ও iii

২৫। অবচয় কোনটি হ্রাস করে?

ক) সম্পদ খ) আয়

গ) ব্যয় ঘ) মূলধন

২৬। মূলধনের সুদ ৫,০০০ টাকা; এজন্য কোন হিসাব ক্রেডিট করতে হবে?

ক) নগদান খ) মূলধনের সুদ

গ) মূলধন ঘ) প্রাপ্ত সুদ

২৭। আর্থিক অবস্থার বিবরণী থেকে জানা যায়-

i. স্থায়ী ও চলতি সম্পদের পরিমাণ

ii. স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ

iii. মালিকের মূলধনের পরিমাণ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i,ii ও iii

২৮। ক্রয় ফেরত জাবেদার উৎস দলিল কোনটি?

ক) ডেবিট নোট খ) ক্রেডিট নোট

গ) ডেবিটভাউচার ঘ) ক্রেডিট ভাউচার

২৯। নিচের কোনগুলো অনগদ লেনদেন-

i. অবচয় ii. অগ্রিম আয় iii. বকেয়া আয়

নিচের কোনটিসঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০। ডেবিট ভাউচারে কয়জনের স্বাক্ষর থাকে?

ক) ১ খ) ২

গ) ৩ ঘ) ৪